গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় সঞ্চয় অধিদপ্তর
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
www.nationalsavings.gov.bd

**সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে অনুষ্ঠিত ১ম সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব জাকিয়া খানম, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
সভার তারিখ ও সময় : ০২ সেপ্টেম্বর ২০২৪ বিকাল ৩.০০ ঘটিকা।
স্থান : সম্মেলন কক্ষ, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট "খ"তে দেখানো হয়েছে।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতঃপর সভাপতির নির্দেশনামতে সহকারী পরিচালক(অডিট) জনাব মোসাম্মৎ রুমানা সিদ্দিকা সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক আলোচ্যসূচি অনুযায়ী বিষয়বস্তু উপস্থাপন করেন:

| ক্রমিক নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১। | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা। | জাতীয় সঞ্চয় অধিদপ্তরের অধিনস্থ ০৮ টি বিভাগীয় কার্যালয়ের ২০২৩-২০২৪ কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, প্রমাণকের ত্রুটির কারণে বিভাগীয় কার্যালয় সিলেট, রংপুর এবং বরিশাল এর বাৎসরিক মুল্যায়নের নম্বর কম পাওয়ার কথা। সভাপতি সংশ্লিষ্ট উপরিচালকগণকে আরো সর্তকতার সাথে লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট হবার জন্য নির্দেশনা প্রদান করেন। | সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ এর লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে। প্রতিটি লক্ষমাত্রা অর্জনের জন্য গৃহীত কার্যক্রমের প্রমানক সংরক্ষণে রাখতে হবে। | বিভাগীয় কার্যালয় (সকল) |
| ০২। | [১.১] ত্রৈমাসিক ভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ পূর্বক ওয়েবসাইটের সেবাবক্সে উপস্থাপন | জাতীয় সঞ্চয় অধিদপ্তরের অধিনস্থ ০৮ টি বিভাগীয় কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ১.১ অনুযায়ী নিজ নিজ অফিসের ওয়েবসাইট হালনাগাদের পদ্ধতি সম্পর্কে ফোকাল পয়েন্ট সভায় বিস্তারিত আলোচনা করেন। তিনি বলেন, প্রতিমাসে ওয়েবসাইট হালনাগাদ করতে হবে। তবে প্রত্যেক ত্রৈমাসিকের অর্থাৎ সেপ্টেম্বর ২৪, ডিসেম্বর ২৪, মার্চ ২৫ এবং জুন ২৫ মাসের ২০-২৫ তারিখের মধ্যে ওয়েবলিংক এবং হালনাগাদের তারিখ সহ স্ক্রিনসর্ট সহ ত্রৈমাসিক প্রতিবেদনের সাথে প্রধান কার্যালয়ে পাঠাতে হবে। | ০১। বিভাগীয় কার্যালয়ের উপপরিচালকগণ নিজ নিজ অফিস এবং আওতাধীন অফিসের ওয়েবসাইট ত্রৈমাসিক ভিত্তিতে (কোয়ার্টার ভিত্তিক) ২০ তারিখের মধ্যে হালনাগাদ করে স্ক্রিনসর্ট প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br><br>০২। আওতাধীন প্রতিটি অফিসের হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত ওয়েবলিংক প্রমানক হিসেবে প্রেরণ | বিভাগীয় কার্যালয় (সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | করতে হবে। | |
| ০৩। | [১.২] ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপন এবং প্রয়োজনীয় ক্ষেত্রে প্রকাশ্যে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ।। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা বিভাগীয় কার্যালয়সমূহকে তার নিজ অফিসের পাশাপাশি আওতাধীন প্রতিটি অফিসের সেবা বক্স ত্রৈমাসিক ভিত্তিতে ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপন তদারকি করার বিষয়ে আলোচনা করেন। সভাপতি প্রতিটি অফিসের সিটিজেন চার্টার প্রকাশ্যে প্রদর্শনের ব্যবস্থা গ্রহনের মাধ্যমে গ্রাহক সেবা সহজীকরণের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন এবং উপস্থিত সকলে একমত পোষন করেন। | ০১। সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপনের স্ক্রিনসর্ট নিতে হবে।<br>০২। আওতাধীন সকল অফিসের ওয়েবলিংক এবং হালনাগাদের প্রত্যয়ন দিতে হবে। | বিভাগীয় কার্যালয় (সকল) |
| ০৪। | [২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে নিজ দপ্তর এবং আওতাধীন দপ্তর/ সংস্থার কর্মকর্তা/কর্মচারিদের জন্য কর্মশালা/প্রশিক্ষণ/ সেমিনার আয়োজন। আওতাধীন দপ্তর/ সংস্থা না থাকলে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/ সেমিনার আয়োজন এবং সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক বার্ষিক প্রতিবেদন প্রণয়ন। | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে উপপরিচালকগণ-কে নিজ দপ্তর এবং আওতাধীন দপ্তর/ সংস্থার কর্মকর্তা/কর্মচারিদের জন্য কর্মশালা/প্রশিক্ষণ/ সেমিনার আয়োজন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। নির্ধারিত সময়ের মধ্যে সকল বিভাগীয় উপপরিচালকগণ-কে কর্মশালা/প্রশিক্ষণ/ সেমিনার আয়োজন সম্পন্ন করার জন্য সভাপতি পরামর্শ প্রদান করেন। | নির্ধারিত সময়ের মধ্যে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে উপপরিচালকগণ নিজ দপ্তর এবং আওতাধীন দপ্তর/ সংস্থার কর্মকর্তা/কর্মচারিদের জন্য কর্মশালা /প্রশিক্ষণ/ সেমিনার আয়োজন করতে হবে। | বিভাগীয় কার্যালয় (সকল) |
| ০৫। | [২.২] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে উপপরিচালকগণের ব্যাংক, ডাকঘর, বিনিয়োগকারীদের (স্টেকহোল্ডারগণের) সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজনের বাধ্যবাধকতা রয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | নির্ধারিত সময়ের মধ্যে অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিভাগীয় কার্যালয় (সকল) |

০৬। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৫.০২.২০২৪
(জাকিয়া খানম)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
জাতীয় সঞ্চয় অধিদপ্তর।

নং-০৮.০৪.০০০০.০১৩.৮২.১২২.২৩. ২৬৬৬ তারিখঃ ২১ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ।
০৫ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ।

বিতরণঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সিস্টেম এনালিষ্ট, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।

০২। উপপরিচালক(সকল) জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।

০৩। উপপরিচালক(সকল),জাতীয় সঞ্চয় বিভাগীয় কার্যালয় ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/বরিশাল/ ময়মনসিংহ/ সিলেট/রংপুর।

০৪। সহকারী পরিচালক (সকল), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।

০৫। সঞ্চয় অফিসার(সকল), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। পরিচালক(সকল),জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা (সদয় অবগতির জন্য)।

০২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

০৫/৯/২০২৪

(মোসাম্মৎ রুম'না সিদ্দিকা)
সহকারী পরিচালক(অডিট)
জাতীয় সঞ্চয় অধিদপ্তর।